



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৮.২০২২.১৯২২

তারিখ: ১২ পৌষ ১৪২৯
২৭ ডিসেম্বর ২০২২


বিষয়: জেলা পরিষদসমূহের 'সহকারী প্রকৌশলী' এর শূন্য পদে এলজিইডির জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের একজন উপযুক্ত প্রকৌশলীকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব প্রদান।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.৪২.০০০০.০০০.১৯.০০২.১৫.১৫৩৫, তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী পদসমূহ সংশ্লিষ্ট কর্মচারী চাকুরি বিধিমালা অনুযায়ী প্রেষণে পূরণযোগ্য পদ। সাধারণতঃ এলজিইডির প্রকৌশলীগণ উক্ত পদসমূহে প্রেষণে দায়িত্ব পালন করে থাকেন। কোনো জেলা পরিষদের সহকারী প্রকৌশলী পদ বদলিজনিত কারণে শূন্য হলে, উক্ত শূন্য পদে প্রেষণে পুনরায় জনবল নিয়োগ করতে প্রশাসনিক কারণে অনেক ক্ষেত্রে বিলম্ব হয়। উক্ত শূন্য পদে প্রেষণে কর্মকর্তা পদায়ন না করা পর্যন্ত, জেলা পরিষদের নিরবিচ্ছিন্ন উন্নয়ন কার্যক্রম বজায় রাখার স্বার্থে এলজিইডির সংশ্লিষ্ট জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের একজন সহকারী প্রকৌশলীকে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত জেলা পরিষদে দায়িত্ব অর্পণ করা যেতে পারে। উল্লেখ্য, ইতঃপূর্বে স্থানীয় সরকার বিভাগের সূত্রস্ব স্মারকে দেশের ২১টি জেলা পরিষদের ক্ষেত্রে এ ধরনের নির্দেশনা প্রদান করা হয়েছিল। অন্যান্য সকল জেলা পরিষদের ক্ষেত্রেও এটি অনুসরণীয় হতে পারে।

২। এমতাবস্থায়, দেশের ৬১টি জেলা পরিষদের (পার্বত্য জেলা পরিষদ ব্যতীত) মধ্যে কোনো জেলা পরিষদে 'সহকারী প্রকৌশলী' পদ শূন্য হলে, উক্ত জেলায় এলজিইডির নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের একজন 'সহকারী প্রকৌশলী'-কে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে জেলা পরিষদের 'সহকারী প্রকৌশলী' পদের দায়িত্ব প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরি।


এস এম নজরুল ইসলাম
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) যুগ্মসচিব (প্রশাসন/ উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল) জেলা।
- ৫) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সকল), জেলা।
- ৬) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।